দৈনিক বাংলা

তারিখ ... 22 JUL 1990
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৩

30

# সরকার প্রাথমিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে দৃঢ় প্রতিজ্ঞ : কাজী জাফর

টঙ্গি, ২১শে জুলাই (বাসস)।– প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ আজ বলেন, জাতির অর্থনৈতিক ও সামাজিক মুক্তি অর্জনে জোরদার সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য জনমনে চেতনা সৃষ্টি অপরিহার্য।

তিনি টঙ্গি হাই স্কুলে ময়দানে প্রাথমিক, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষক, জনপ্রতিনিধি এবং সরকারী কর্মকর্তাদের এক সমাবেশে ভাষণ দিচ্ছিলেন।

কাজী জাফর আহমদ বলেন, অতীতে জাতি দৃঢ়তার সঙ্গে ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগের মোকাবিলা করেছিল। এখন জাতি ঠিক সেভাবেই দেশ থেকে নিরক্ষরতার অভিশাপ দূর করবে। ঐতিহাসিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী সফল করার জন্য প্রেসিডেন্ট এরশাদের সরকার 'ধর্মযুদ্ধের' মত একটি আন্দোলন করতে ওয়াদাবদ্ধ বলে তিনি জানান।

প্রধামন্ত্রী বলেন, জাতির অস্তিত্বের জন্য গুরুত্বপূর্ণ এ কর্মসূচী সফল করা ছাড়া আমাদের গত্যন্তর নেই।

তিনি বলেন আমরা ব্যর্থ হতে পারিনা।

কাজী জাফর বলেন, এ আন্দোলনে শিক্ষক সম্প্রদায় প্রথম সারির সৈনিক হবেন বলে জাতি আশা করে। এই এলাকার জনগণের জ্ঞানের প্রতি সহজাত আকর্ষণ রয়েছে। তিনি আরও বলেন, একদা অতীশ দীপঙ্কর শিক্ষার দীপশিখা নিয়ে থাইল্যান্ড, জাপান ও সবশেষে চীন গিয়েছিলেন। 'আমাদের হৃত গৌরব ও ঐতিহ্য পুনরুদ্ধার করতে হবে' বলে তিনি জানান।

প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রাথমিক শিক্ষা সংক্রান্ত প্রেসিডেন্টের উপদেষ্টা আলহাজ মনসুর আলী সরকার, গাজীপুর জেলা পরিষদ, চেয়ারম্যান হাসান উদ্দিন সরকার, এমপি, এবং বাংলাদেশে ইউনিসেফ প্রতিনিধি মিঃ কোল পি ডজ বক্তৃতা করেন।

চার ঘন্টা স্থায়ী এ সমাবেশে ৫শ'য়েরও বেশী প্রাথমিক স্কুল, ১৪০টি মাধ্যমিক স্কুল ও বেশ কিছু সংখ্যক এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকগণ উপস্থিত ছিলেন।